

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বিশ্বস্বাস্থ্য-১ শাখা

নং- স্বাপকম/বিশ্বস্বাস্থ্য-১/ডি-৮/২০১৫/৮১৮


তারিখঃ ৩০ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ।

অফিস আদেশ

প্রায়শঃই লক্ষ্য করা যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তরসমূহের এডিপি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ (লাইন ডাইরেক্টর ও প্রোগ্রাম ম্যানেজারসহ) এপ্রিল-জুন মাসে বিদেশ সফরে থাকায় এডিপির সফল বাস্তবায়নে অসুবিধার সৃষ্টি হয়। এতে করে এডিপি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়।

এমতাবস্থায়, ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপি সফল বাস্তবায়নের স্বার্থে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তরের যে সকল কর্মকর্তা (লাইন ডাইরেক্টর ও প্রোগ্রাম ম্যানেজারসহ) এডিপি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত তাদেরকে আগামী এপ্রিল ২০১৬ থেকে জুন ২০১৬ সময়ের মধ্যে বিভিন্ন সভা/সেমিনার/ওয়ার্কসপ/প্রশিক্ষণ/স্টাডিটুর ইত্যাদি বিদেশ ভ্রমণে মনোনয়ন প্রদান/প্রস্তাব প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(নাসরীন মুক্তি)

উপসচিব

ফোন: ৯৫৭০১২৯

e-mail: motaheer6679@gmail.com

Cell: 01779212099

বিতরণঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/চিশিজ ও উন্নয়ন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নিপোর্ট, ঢাকা
৩. যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. লাইন ডাইরেক্টর (সকল)
৫. পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা
৬. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. অতিরিক্ত সচিব (জঃ ও বিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা